

- ৩। শুধুমাত্র প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি যা সমবায়/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট ফরমে আবেদন করতে পারবেন। সংশ্লিষ্ট খাস পুকুরের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত সংগঠন প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন।
- ৪। আবেদনকারী সমবায় সমিতি বা অন্যকোন সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমানস্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে এবং বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবী সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরনের প্রমাণের দরকার হবে না।
- ৫। নির্দিষ্ট ফরমে আবেদন পত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানা সহ) সংযুক্ত করতে হবে এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানা সহ) সংযুক্ত করতে হবে।
- ৬। আবেদন ফরমের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়ন পত্রসহ প্রয়োজনীয় তথ্য এবং সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। এছাড়া মৎস্যজীবী সংগঠন/সমিতি ৩(তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ হলে তা বাতিলযোগ্য হবে।
- ৭। আবেদন ফরমের সাথে ইজারামূল্যের ২০% অর্থ যে কোন তফসিলী ব্যাংক হতে পে-অর্ডার / ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর এর অনুকূলে জামানত হিসেবে দাখিল করতে হবে। লীজ প্রাপ্ত সমিতির শেষ বছরের লীজমানির সাথে জামানতের অর্থ সমন্বয় করা হবে।
- ৮। জলমহাল ইজারার মেয়াদ ১৪২৩ বাংলা সন হতে ১৪২৫ বাংলা সনে শেষ হবে। জলমহাল ইজারা ১লা বৈশাখ হতে শুরু হবে এবং বছরের যেকোন সময় জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে কার্যকর হবে।
- ৯। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিতে ১ম বছরের সাকুল্য ইজারা মূল্য ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে এবং বিধি মোতাবেক সরকারের নির্ধারিত ভ্যাট ও আয়কর সংশ্লিষ্ট কোর্ডে ১০ দিনের মধ্যে জমা প্রদান করতে হবে। ২য় বছরে (১৪২৪ সনের) ইজারা মূল্য, আয়কর ও ভ্যাটের অর্থ ১৪২৩ সনে চৈত্র মাসের ১৫ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে এবং ৩য় বছরের (১৪২৫ সনের) ইজারা মূল্য, আয়কর ও ভ্যাট ১৪২৪ সনে চৈত্র মাসের ১৫ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা বাতিলপূর্বক জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে এবং উক্ত জলমহাল পুনরায় ইজারা প্রদান করা হবে।
- ১০। জলমহাল ইজারা গ্রহণের পরে কর্তৃপক্ষের নিকট হতে হস্তান্তরনামা/কবুলি়য়ননামা গ্রহণ না করে জলমহালের দখল হস্তান্তর পাওয়া যাবে না।
- ১১। লীজগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে ব্যবহার করতে পারবে না। যদি তা করে তাহলে উক্তলীজ বাতিল করা হবে এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- ১২। ইতোপূর্বে কোন সরকারি জলমহাল ইজারা নিয়ে থাকলে সমুদয় অর্থ পরিশোধপূর্বক আবেদন ফরম সংগ্রহ করতে হবে।
- ১৩। সময়মত লীজমানি পরিশোধ না করা, তথা গোপন করা, কিংবা অন্য কোন অনিয়মের কারণে লীজ বাতিলের ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষণ করেন।
- ১৪। ইজারা গ্রহীতা জলমহালের কোন শ্রেণী পরিবর্তন বা পরিবর্ধন করতে পারবেন না।
- ১৫। অস্পষ্ট ও অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ১৬। ইজারা গ্রহীতা কর্তৃক চুক্তিপত্রের যে কোন শর্ত ভঙ্গ করলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই ইজারা বাতিল করা হবে।
- ১৭। ইজারা গ্রহীতা কর্তৃক উপরোক্ত শর্তের যে কোন শর্ত ভঙ্গ করলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই ইজারা বাতিল করা হবে।
- ১৮। সরকারি জলমহাল ইজারা সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী এ কার্যালয় হতে অফিস চলাকালী সময়ে জানা যাবে।

আবেদন ফরম বিক্রয়, দাখিল, খোলার ও বাছাইয়ের সময়সূচি :

দরপত্র আহবানের পর্যায়	আবেদন ফরম বিক্রির শেষ তারিখ ও সময়	আবেদন ফরম দাখিলের তারিখ ও সময়	আবেদন ফরম খোলা ও বাছাইয়ের তারিখ ও সময়
১ম পর্যায়	১৬/০২/২০১৬ তারিখ বিকাল ৫.০০ টা	১৭/০২/২০১৬ তারিখ দুপুর ১.০০টা	১৭/০২/২০১৬ তারিখ বিকাল ৪.০০টা
২ম পর্যায়	২৫/০২/২০১৬ তারিখ বিকাল ৫.০০ টা	২৮/০২/২০১৬ তারিখ দুপুর ১.০০টা	২৮/০২/২০১৬ তারিখ বিকাল ৪.০০টা



৩য় পর্যায়	১৪/০৩/২০১৬ তারিখ বিকাল ৫.০০ টা	১৫/০৩/২০১৬ তারিখ দুপুর ১.০০টা	১৫/০৩/২০১৬ তারিখ বিকাল ৪.০০টা
৪র্থ পর্যায়	২৮/০৩/২০১৬ তারিখ বিকাল ৫.০০ টা	২৯/০৩/২০১৬ তারিখ দুপুর ১.০০টা	২৯/০৩/২০১৬ তারিখ বিকাল ৪.০০টা
৫ম পর্যায়	১০/০৪/২০১৬ তারিখ বিকাল ৫.০০ টা	১১/০৪/২০১৬ তারিখ দুপুর ১.০০টা	১১/০৪/২০১৬ তারিখ বিকাল ৪.০০টা

(মোহাম্মাদ জালাল উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
গোপালগঞ্জ সদর।

ও

আহবায়ক

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।

২০ মাঘ ১৪২২

তারিখ : ০২ ফেব্রুয়ারি ২০১৬

স্মারক সংখ্যা- ০৫.৪৯০.০৩২.০০.০০.০৫৬.২০১৫-১২২(৭০)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। মাননীয় সংসদ সদস্য, গোপালগঞ্জ ২ ও মাননীয় উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।
- ২। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালগঞ্জ সদর ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

অনুলিপি সদয় অবগতি/ কার্যার্থে প্রেরণ করা হলো

- ১। পুলিশ সুপার, গোপালগঞ্জ।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), গোপালগঞ্জ।
- ৩। সহকারী কমিশনার (ভূমি), গোপালগঞ্জ সদর।
- ৪। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোপালগঞ্জ সদর।
- ৫। উপজেলা সমাজ সেবা অফিসার, গোপালগঞ্জ সদর।
- ৬। অফিসার ইনচার্জ, গোপালগঞ্জ থানা।
- ৭। সাব রেজিস্ট্রার, গোপালগঞ্জ সদর।
- ৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোপালগঞ্জ সদর।
- ৯। উপজেলা সমবায় অফিসার, গোপালগঞ্জ সদর।
- ১০। পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর, গোপালগঞ্জ।
- ১১। চেয়ারম্যান.....ইউপি।
- ১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ইউনিয়ন ভূমি অফিস
- ১৩। নোটিশ বোর্ড।

তাঁকে বিজ্ঞপ্তিটি মহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

উপজেলা নির্বাহী অফিসার
গোপালগঞ্জ সদর।